

স্বামী পদনখের সিন্দুর সব তুলে।  
 সযতনে ফোঁটা ল'বে নিজের কপালে।।  
 এই কার্য সম্পাদন করিবে যখন।  
 করা মাত্র স্বামী তোর হইবে চেতন।।  
 বাড়ী গিয়া শাড়ী ত্যজে শঙ্খ চুড়ী ফেলে।  
 মুছিল সিন্দুর যাহা পূর্বে ছিল ভালে।।  
 সব লোকে দেখে শুনে গণিল প্রমাদ।  
 সবে বলে 'বিধবা হইতে ওর সাধ।।'  
 যার যাহা মনে আসে সে তাহা বলিল।  
 ধন্দু ছলে মন্দ ব'লে সবে বাড়ী গেল।।  
 কেহ বলে উদ'রে তো কেহ পোড়াব না।  
 কিসের বা শ্রদ্ধা শান্তি কাছেও যাব না।।'  
 সিন্দুর গুলিয়া দিল বাম পদ নখে।  
 ললাটে লইল ফোঁটা পরম কৌতুকে।।  
 বিধবার পূর্ণ সাজ হইল যখন।  
 হরিবলে উদয় হইল সচেতন।।  
 সব লোকে দেখে শুনে অবাক হইল।  
 বন্ধু কি সিন্দুক সবে এসে প্রশংসিল।।  
 কেহ বলে 'মহাসতী উদয়ের নারী।  
 পূর্বে ছিল বেহলা কি সাবিত্রী সুন্দরী।।'  
 প্রাণদান পেয়ে উদয় সকল শুনিল।  
 ম'তো হ'য়ে হরি ব'লে পাগল হইল।।  
 'উদো পাগলা' 'উদো পাগলা' বলে সর্বজন।  
 উদয়ে বাঁচান প্রাণে শ্রীমধুসূদন।।  
 উদয়চাঁদের নারী সতী পতিব্রতা।  
 স্বামী সঙ্গে মনোরঙ্গে হইয়া একতা।।  
 শ্রীশ্রীধাম ওড়াকান্দী করিল গমন।  
 হরিষ নয়নে করে হরি দরশন।।  
 স্তুতি করে জোড় করে করিয়া প্রণতি।  
 প্রভু বলে "ধন্য নারী তুই মহাসতী।।"  
 সতীনারী গুণে প্রাণ উদয় পাইল।  
 হরিচাঁদ প্রীতে সবে হরি হরি বল।।

## ভক্ত লালচাঁদ মালাকারের উপাখ্যান

রাজপাটবাসী লালচাঁদ মালাকার।  
 হরিচাঁদ পদে নিষ্ঠা ভকতি তাহার।।  
 বৈশাখ মাসের শেষে হইয়াছে আশ্র।  
 সুখ দৃশ্য ফলভারে শাখা সব নশ্র।।  
 এক গাছে আম তার বড় মিষ্ট হয়।  
 'বার্ষিক' সে আশ্র দেন প্রভুর সেবায়।।  
 প্রথম পাকিলে আম ঠাকুরকে এনে।  
 ঠাকুরের সেবা করে আনন্দিত মনে।।  
 কোন বার ওড়াকান্দী দেন পাঠাইয়া।  
 কোন বার দেন আম কিনিয়া আনিয়া।।  
 মাঝে মাঝে মহাপ্রভু যান সে বাটীতে।  
 এবার হ'য়েছে মন ঠাকুরকে নিতে।।  
 আসিয়া প্রভুর সঙ্গে কথা নাহি কয়।  
 জেনে মন নারায়ণ তার বাড়ী ফয়।।  
 একদা সকালে প্রভু বসিয়া নির্জনে।  
 একমাত্র তারক বসিয়া প্রভুস্থানে।।  
 হরিচাঁদ কহিলেন তারকের ঠাই।  
 "চল রে তারক মোরা রাজপাট ফাই।।  
 রাজপাট লালচাঁদ মন করিয়াছে।  
 আমাকে খাওয়াবে আম সে খাইবে পিছে।।  
 গত হাটে ফতেপুরে আম কিনিয়াছে।  
 আর কত আম তার গাছে পাকিয়াছে।।  
 ঝাঁকা ভরি রাখিয়াছে তুলিয়া ঘরেতে।  
 আমি গেলে সেই আম মোরে দিবে খেতে।।  
 যাব কিনা যাব তাই ভাবি মনে মনে।  
 আমারে নিবে সে বেটা আসিবে না কেনে।।  
 তারক কহেন "প্রভু যে ইচ্ছা তোমার।  
 ইচ্ছাময় তব ইচ্ছা, সে ইচ্ছা সবার।।  
 শুনিলাম শ্রীমুখেতে লালচাঁদ কথা।  
 আমার হ'য়েছে ইচ্ছা যাইবারে তথা।।"